# Times Today BD

রকিবুল হাসান রকি | দেশজুড়ে | 14 June, 2025

পুঠিয়ায় ট্রাকের ধাক্কায় সঞ্চিতা (৪০) নামের এক ভ্যান অরোহী নিহত হয়েছে। নিহত সঞ্চিতা নাটোর জেলার বাগাতিপাড় উপজেলার কালিকপুর গ্রামের শ্যামল কর্মকারের স্ত্রী।এসময় ভ্যানচালকসহ অপর ৫জন আহত হয়েছে।আহতরা হলো, ভ্যানচালক আকছেদ আলী (৪৮), মনিষা (১৫), সুজিত (২), রতনা (২৫) ও  সুচিত্রা (১২)।

শনিবার (১৪ জুন) দুপুর ১টা ২৫ মিনিটে রাজশাহী-নাটোর মহাসড়কের সেনভাগ নামক স্থানে এ দুর্ঘটনাটি ঘটে।প্রত্যক্ষদর্শী সূত্রে জানাগেছে, বিয়ে খাওয়ার উদ্দেশ্যে শ্যামল কর্মকারের পরিবার ভ্যানযোগে পুঠিয়া উপজেলার ম্যাচপাড়ায় যাচ্ছিলো। পথিমধ্যে ঢাকা-রাজশাহী মহাসড়কের সেনভাগ নামক স্থানে পৌঁছানো মাত্রই পিছন দিক থেকে একটি বাঁশ বোঝাই ট্রাক ভ্যানটিকে ধাক্কা দিলে ঘটনাস্থলে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে সঞ্চিতা মারা যায় এবং ভ্যানচালক আকছেদ আলী, মনিষা, সুজিত, রতনা ও সুচিত্রা ভ্যান থেকে ছিটকে মহাসড়কে পড়ে আহত হয়।

গুরুতর আহত ভ্যানচালক আকছেদ আলীকে রামেক হাসপাতালে প্রেরণ করা হয়।এছাড়াও অপরদের পুঠিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

এ বিষয়ে পবা হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কাজী মোজাম্মেল হক বলেন, খবর পেয়ে আমরা দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হয়ে ট্রাক জব্দ করেছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:05

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/3394878269